আমাদেরসময়

তারিখ ২২ DEC 2015 ... পৃষ্ঠা ... কলাম ...

# পাঠ্যপুস্তক বিতরণ উৎসব হবে দুদিন

নিজস্ব প্রতিবেদক ● প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আগামী ১ জানুয়ারি সাপ্তাহিক ছুটির দিনেই বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের উৎসব করবে। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। অন্যদিকে শিক্ষা মন্ত্রণালয় এই উৎসব পালন করবে ২ জানুয়ারি।

বছরের প্রথম দিন সকাল দশটায় রাজধানীর মিরপুর-২-এর ন্যাশনাল বাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিয়ে উৎসবের উদ্বোধন করবেন। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের তথ্যানুযায়ী, ২ জানুয়ারি রাজধানীর এরপর পৃষ্ঠা ১১, কলাম ৪

## পাঠ্যপুস্তক বিতরণ উৎসক হবে দুদিন

(প্রথম পৃষ্ঠার পর) সরকারি ল্যাবরেটরি স্কুল প্রাঙ্গণে পাঠ্যপুস্তক উৎসবের মধ্য দিয়ে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ৩১ ডিসেম্বর দুই সমাপনী পরীক্ষার ফল প্রকাশ করে ওইদিনই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে পাঠ্যপুস্তক উৎসবের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এবার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মধ্যে ৩৪ কোটি নতুন বই বিনামূল্যে বিতরণ করবে সরকার। মাধ্যমিকের চার কোটি ৪৪ লাখ ১৬ হাজার ৭২৮ জন শিক্ষার্থীর জন্য ৩৩ কোটি ৩৯ লাখ ৬১ হাজার ১২৪টি এবং প্রাথমিকের দুই কোটি ২৩ লাখ ২২ হাজার ৪২৮ শিক্ষার্থীর জন্য ১০ কোটি ৮৭ লাখ ১৯ হাজার ৯৯৭টি বই ছাপানো হচ্ছে।